গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা

বিষয়ঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মোঃ সিরাজুল ইসলাম সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
প্রধান অতিথি	:	জনাব জাহিদ মালেক মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
তারিখ	:	২৩.০৭.২০১৭ খ্রিঃ ।
সময়	:	বিকেল ৩.০০ ঘটিকা ।
স্থান	:	মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

(সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা ‘পরিশিষ্ট-‘ক’)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুর করেন। তিনি বলেন যে, আগামী ১৫ আগস্ট/২০১৭ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস এর তাৎপর্য এ বিভাগের আওতাধীন বিভিন্ন চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠান ও দপ্তর/ অধিদপ্তরের মাধ্যমে ছড়িয়ে দিতে হবে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় হতে প্রতি বছরই এ দিবসটি যথাযথ মর্যাদায় পালন করা হয়। মন্ত্রণালয় পুনর্গঠন করে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং স্বাস্থ্য সেবা বিভাগ গঠন করায় এ দিবসের তাৎপর্য ভিন্ন মাত্রায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের মাধ্যমে পালন করার পদক্ষেপ নেয়া হবে। এ বিষয়ে সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগের অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী উপস্থাপন করে জাতীয়ভাবে গৃহীত কর্মসূচির বিষয়ে সভায় আলোকপাত করেন। তিনি উল্লেখ করেন যে, আগামী ২৬ জুলাই, ২০১৭ মাননীয় মন্ত্রী’র সভাপতিত্বে দুই বিভাগের সমন্বয়ে একটি সভা অনুষ্ঠিত হবে। স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের পক্ষ থেকে এ বিভাগের আওতাধীন সকল সরকারি বেসরকারি মেডিকেল বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ, ডেন্টাল কলেজ, নার্সিং শিক্ষা ইনস্টিটিউট, ম্যাটস, আইএইচটি ইত্যাদি প্রতিষ্ঠানে স্থানীয়ভাবে দিবসটির গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরে জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় রেখে দিবসটি পালনের জন্য সভাপতি আহ্বান জানান।

০২. সভার প্রধান অতিথি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কর্তৃক স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে সভা আহ্বান করায় এ বিভাগের সচিব-কে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন যে, বঙ্গবন্ধুর ইতিহাস মানেই মুক্তিযুদ্ধের ইতিহাস, বাংলাদেশের ইতিহাস। স্বাধীনতার সময়ে এদেশে মাত্র ৮টি সরকারি মেডিকেল কলেজ ছিল। কিন্তু কোন বেসরকারি মেডিকেল কলেজ ছিল না। এখন সরকারি-বেসরকারি মিলে ১০০টির অধিক মেডিকেল কলেজ রয়েছে। তিনি বলেন যে, আজকে দেশের এ সফলতা স্বাধীনতার সফলতা। তিনি আরও বলেন যে, জাতির জনক দেশে একজনই হয়। নতুন প্রজন্মকে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ইতিহাস জানানো আমাদের সকলের দায়িত্ব। প্রতিমন্ত্রী মহোদয় ১৫ আগস্ট এর গুরুত্ব তুলে ধরে এ বিভাগের আওতাধীন সকল সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে আলোচনাসহ দোয়া মাহফিল, র‍্যালি, পোস্টার, ব্যানার, বিনামূল্যে চিকিৎসা প্রদানের উপর গুরুত্বারোপ করেন।

০৩. সভায় উপস্থিত অধ্যক্ষ, ঢাকা মেডিকেল কলেজ, অধ্যক্ষ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নিপোর্ট, পরিচালক (শিক্ষা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, অধ্যক্ষ, শমরিতা বেসরকারি মেডিকেল কলেজ, অধ্যক্ষ, নর্দান ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজসহ উপস্থিত সদস্যগণ দিবসটির তাৎপর্য ও গুরুত্বের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

০৪. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ বলেন যে, গত ০৫.০৭.২০১৭ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভায় এ বিভাগের সচিব মহোদয়ের প্রতিনিধি হিসেবে যোগদান করেন। উক্ত সভায় তিনি স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান ও অন্যান্য প্রতিষ্ঠানে দিবসটি যথাযথযোগ্য মর্যাদায় পালিত হয় মর্মে অবহিত করেন। তিনি উল্লেখ করেন ১৪ এবং ১৫ আগস্ট পর পর দুই দিন সরকারি ছুটি। তিনি বলেন ১৫ আগস্ট সরকারি ছুটি ঘোষণা করা হয়েছে দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে। এ কারণে এ দিবসটি যথাযথ মর্যাদায় পালনের নিমিত্তে তিনি এ বিভাগের সকল দপ্তর/অধিদপ্তর/ মেডিকেল বিশ্ববিদ্যালয়, সকল সরকারি-বেসরকারি মেডিকেল কলেজ এবং ডেন্টাল কলেজসহ অন্যান্য স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-শিক্ষকগণের উপস্থিতি নিশ্চিত করণের জন্য সংশ্লিস্ট প্রতিষ্ঠান প্রধানগণের দৃষ্টি আকর্ষণ করেন।

০৫. সভায় বিস্তারিত আলোচনান্তে ১৫ আগস্ট, ২০১৭ তারিখ মঙ্গলবার স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে জাতীয় কর্মসূচির আলোকে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা এবং স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানে নিম্নবর্ণিত কর্মসূচি গৃহীত হয়:

ক্রমিক	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৫.১	১৫ আগস্ট ২০১৭ মঙ্গলবার স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন সকল প্রতিষ্ঠানে/ ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে (ফ্ল্যাগ রুলস অনুসরণপূর্বক জাতীয় পতাকার সঠিক মাপ এবং সঠিকভাবে উত্তোলনের বিষয়টি বাস্তবায়ন কর্তৃপক্ষ নিশ্চিত করবে)।	ভিসি, মেডিকেল বিশ্ববিদ্যালয়/মহাপরিচালক,পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ নিপোর্ট, অধ্যক্ষ, সকল সরকারি-বেসরকারি মেডিকেল কলেজ/ নার্সিং কলেজ ও ইনস্টিটিউট/ প্রতিষ্ঠান প্রধান, আইএইচটি/ ম্যাটস।

ক্রমিক	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৫.২	ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সাথে প্রতিনিধিত্বমূলক অংশগ্রহণ থাকবে।	ভিসি, মেডিকেল বিশ্ববিদ্যালয়/মহাপরিচালক,পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ নিপোর্ট, অধ্যক্ষ, সকল সরকারি-বেসরকারি মেডিকেল কলেজ/ নার্সিং কলেজ ও ইনস্টিটিউট/ প্রতিষ্ঠান প্রধান, আইএইচটি/ ম্যাটস।
৫.৩	১৫ আগস্ট ২০১৭ মঙ্গলবার ১০.০০ ঘটিকায় গোপালগঞ্জ জেলার টুংগীপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে ফাতেহা পাঠ ও মোনাজাত অনুষ্ঠানে এ বিভাগের আওতাধীন স্থানীয় পর্যায়ের প্রতিষ্ঠান অংশগ্রহণ করবে।	অধ্যক্ষ, শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ/ উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, গোপালগঞ্জ জেলা।
৫.৪	শিক্ষার্থীদের মধ্যে দিবসটির তাৎপর্য ও গুরুত্ব তুলে ধরে স্থানীয়ভাবে আলোচনাসহ কর্মসূচি আয়োজন করবে। উক্ত অনুষ্ঠান আয়োজনে বিভিন্ন প্রতিষ্ঠান কমিটি গঠন করবে। স্বাধীনতা অর্জনে বঙ্গবন্ধুর ভূমিকা বিষয়ে রচনা প্রতিযোগিতা, কবিতা আবৃত্তি, দেয়ালিকা ইত্যাদি প্রকাশ করবে। বিজয়ী ছাত্র-ছাত্রীদের মধ্যে বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা এবং শিশু একাডেমী কর্তৃক বঙ্গবন্ধু বিষয়ে প্রকাশিত বই বিতরণ করবে।	ভিসি, মেডিকেল বিশ্ববিদ্যালয়/মহাপরিচালক,পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ নিপোর্ট, অধ্যক্ষ, সকল সরকারি-বেসরকারি মেডিকেল কলেজ/ নার্সিং কলেজ ও ইনস্টিটিউট/ প্রতিষ্ঠান প্রধান, আইএইচটি/ ম্যাটস।
৫.৫	(১)স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, মন্ত্রণালয়ের মূল কর্মসূচির সাথে কর্মসূচি পালন করবে। (২) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন দপ্তর/অধিদপ্তর, মেডিকেল বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ ও অন্যান্য স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠান জাতীয় কর্মসূচির আলোকে কর্মসূচি প্রণয়ন এবং সকল কর্মকর্তা/ কর্মচারীগণের উপস্থিতি নিশ্চয়তা বিধান করবে।	১। স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ। ২।ভিসি, মেডিকেল বিশ্ববিদ্যালয়/ মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ নিপোর্ট, অধ্যক্ষ, সকল সরকারি-বেসরকারি মেডিকেল কলেজ/ নার্সিং কলেজ ও ইনস্টিটিউট/ প্রতিষ্ঠান প্রধান, আইএইচটি/ ম্যাটস।

০৬. এছাড়াও সরকারি মেডিকেল কলেজের ন্যায় বেসরকারি মেডিকেল কলেজ এ দিনে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৭. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ সিরাজুল ইসলাম)
সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

নং-৫৯.০০.০০০০.১০৪.২৩.০০১.২০১৭-২৭০ (১৫০)　　　　　　　　　　　　　　　　　　তারিখ: ০৬.০৮.২০১৭ খ্রিঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. ভাইস চ্যান্সেলর, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, ঢাকা / চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম/ রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
০২. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা।
০৩. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর / পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ নিপোর্ট/ নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, ঢাকা।
০৪. যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা।
০৫. পরিচালক (চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৬. অধ্যক্ষ, সরকারি মেডিকেল কলেজ, ...।
০৭. অধ্যক্ষ, শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ, গোপালগঞ্জ।
০৮. উপসচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা।
০৯. উপ-প্রধান (পরিকল্পনা অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা।
১০. অধ্যক্ষ, বেসরকারি মেডিকেল কলেজ, ...।
১১. অধ্যক্ষ, (নার্সিং কলেজ/নার্সিং ইনস্টিটিউট / আইএইচটি/ ম্যাটস) , ...।
১২. উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, গোপালগঞ্জ।
১৩. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪. সিনিয়র সহকারী সচিব / সিনিয়র সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা।
১৫. সহকারী সচিব / সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা।
১৬. হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা।

০৬.০৮.১৭

(মোঃ বশীর আহাম্মেদ)
সহকারী সচিব
ফোন: ৯৫৪০৯২২

অনুলিপি সদয় অবগতির জন্য:

০১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা।